

বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

BANGLADESH WATER DEVELOPMENT BOARD

বোর্ড সচিবালয়

পানি ভবন (লেভেল-৭), ৭২ গ্রীনরোড, ঢাকা-১২০৫

ফোন: +৮৮ ০২ ২২২২৩০০৫৩

ই-মেইন: bwdbsecretary@gmail.com

ওয়েব সাইট: www.bwdb.gov.bd



Board Secretariat

Pani Bhaban (Level-7), 72 Green Road, Dhaka-1205

Phone: +88 02 222230053

E-mail: bwdbsecretary@gmail.com

Website: www.bwdb.gov.bd

স্মারক নং-৪২.০১.০০০০.০০৪.৯৯.০৩৫.২৫-১৪৫

তারিখঃ ০২ বৈশাখ, ১৪৩৩ বঙ্গাব্দ
১৫ এপ্রিল ২০২৬ খ্রিষ্টাব্দ

দপ্তরাদেশ


মানিকগঞ্জ পানি উন্নয়ন বিভাগের আওতাধীনে “শহর রক্ষা প্রকল্প ৪র্থ পর্যায়” এর “আওতায় ঠিকাদার কর্তৃক কার্য সম্পাদন না করায় কার্যাদেশের শর্তানুযায়ী চুক্তি বাতিল পূর্বক লিকুইডেটেড ডেমেজ আদায় না করা এবং পারফরমেন্স সিকিউরিটিজ বাজেয়াপ্ত না করায় ক্ষতি ২৪,৭৬,২৯১ টাকা” শীর্ষক শিরোনামে আপত্তি উত্থাপিত হয় যা ২০০৯-১১ খ্রিস্টাব্দের সিএজি’র রিপোর্টের ১০ নং ক্রমিকের অন্তর্ভুক্ত। আপত্তিটির ব্রডসীট জবাব পানি সম্পদ মন্ত্রণালয় থেকে পূর্ত অডিট অধিদপ্তরে প্রেরিত হলে পূর্ত অডিট অধিদপ্তরের স্মারক নং-৮২০০.০১.০০৫.০০০০.০৯.৯.১৬.২৫২; তারিখ-০৪ মে, ২০২৫ খ্রিঃ এর মাধ্যমে আপত্তিতে উল্লিখিত ২৪,৭৬,২৯১ টাকা হতে ১৬,৬৩,০৩৬ টাকা জমা করা হলেও অবশিষ্ট (২৪,৭৬,২৯১-১৬,৬৩,০৩৬)=৮,১৩,২৫৫ টাকার দায়-দায়িত্ব নির্ধারণ পূর্বক জড়িত ব্যক্তিবর্গের নিকট হতে আদায় করে বোর্ডের তহবিলে জমা প্রদানপূর্বক প্রমাণসহ পুনঃজবাব প্রেরণের অনুরোধ করা হয়। সে প্রেক্ষিতে অবশিষ্ট (২৪,৭৬,২৯১-১৬,৬৩,০৩৬)=৮,১৩,২৫৫ টাকা আদায়ের নিমিত্ত আপত্তি সংশ্লিষ্ট ব্যক্তিবর্গের দায়-দায়িত্ব নিরূপনের জন্য বোর্ডের কর্মকর্তাদের সমন্বয়ে একটি ০৩ সদস্য বিশিষ্ট কমিটি গঠন করা হয়।

০২। বাপাউবো’র হিসাবরক্ষণ পরিদপ্তরের মতামত ও গঠিত কমিটির মতামত/সুপারিশ মোতাবেক অডিট আপত্তির পরিশিষ্ট ও পূর্ত অডিট অডিট অধিদপ্তরের সর্বশেষ মন্তব্য অনুযায়ী অবশিষ্ট অর্থ ৮,১৩,২৫৫ টাকা আদায় করা আবশ্যিক। কোন ঠিকাদারের উপর জরিমানা আরোপ ও পারফরমেন্স সিকিউরিটি বাজেয়াপ্তের বিষয়টি সংশ্লিষ্ট ঠিকাদারের উপর আরোপযোগ্য। অতএব, অবশিষ্ট আদায়যোগ্য অর্থ ৮,১৩,২৫৫ টাকা নিম্নবর্ণিতভাবে উক্ত ঠিকাদারের অন্য চলমান কাজের চলতি বিল/চূড়ান্ত বিল/সিকিউরিটির অর্থ থেকে আদায়/কর্তনপূর্বক বোর্ডের সংশ্লিষ্ট তহবিলে জমা করতে হবে।

ক্রমিক নং	ঠিকাদারের নাম	ক্ষতিপূরণ আদায়যোগ্য অর্থ	বাবদ	ক্ষতিপূরণ বাবদ আদায়কৃত অর্থ	অবশিষ্ট আদায়যোগ্য অর্থ
১।	মেসার্স খন্দকার বিজনেস ইন্টারন্যাশনাল	১৪,২৫,৯৫৭.৪৬		৮,৬৯,৮৯১.০০	৫,৫৬,০৬৬.৪৬
২।	মেঘদূত এন্টারপ্রাইজ এন্ড সালেহ আহমেদ (জেভি)	১০,৫০,৩৩৪.১৪		৭,৯৩,১৪৫.০০	২,৫৭,১৮৯.৩০

০৩। এমতাবস্থায়, বাপাউবো’র হিসাবরক্ষণ পরিদপ্তরের মতামত ও গঠিত কমিটির মতামত/সুপারিশ মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য বাপাউবো’র কোন দপ্তরে (বিভাগ/প্রকল্প দপ্তর/র্যাক) উপর্যুক্ত ঠিকাদারী প্রতিষ্ঠানের কোন পাওনা/চলমান কাজ থাকলে আগামী ২ (দুই) কর্মদিবসের মধ্যে বোর্ড সচিবালয়ের জরুরীভাবে ই-মেইলে (bwdbsecretary@gmail.com) জানানোর জন্য নির্দেশক্রমে অনুরোধ জানানো হলো।

০৪। মহাপরিচালক এর অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো।


মোঃ আবদুল মতিন
পরিচালক (বোর্ড) (অঃদাঃ)

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

০১। প্রধান প্রকৌশলী/অতিরিক্ত প্রধান প্রকৌশলী (মাঠ পর্যায় সকল)..... বাপাউবো.....।

০২। তত্ত্বাবধায়ক প্রকৌশলী/প্রকল্প পরিচালক (সকল)..... বাপাউবো.....।

০৩। সিনিয়র সিস্টেম এনালিস্ট, কেন্দ্রীয় আই.সি.টি পরিদপ্তর, বাপাউবো, ঢাকা (বোর্ডের ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ জানানো হলো)।

(চলমান পাতা-২)

- ০৪। নির্বাহী প্রকৌশলী (মাঠ পর্যায় সকল)..... বাপাউবো.....
- ০৫। সহকারী পরিচালক(অহিনি)/সিনিয়র সহকারী পরিচালক (অহিনি)/উপ-পরিচালক (অহিনি), আঞ্চলিক হিসাব কেন্দ্র (সকল),..... বাপাউবো.....।
- ০৬। অফিস কপি।